13 NOV 2013

# স্কুলে ভর্তি শুরু ১ ডিসেম্বর

নিজস্ব বার্তা পরিবেশক

চলমান রাজনৈতিক অস্থিরতার মধ্যেই আগামী ১ ডিসেম্বর শুরু হচ্ছে রাজধানীর ২৪টিসহ সারাদেশের সব সরকারি স্কুলে নতুন শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম। বিএনপি-জামায়াত জোটের লাগাতার হরতাল, নাশকতা ও বোমাবাজির কারণে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, পরিচালনা পরিষদ ও শিক্ষা প্রশাসন যথাসময়ে বার্ষিক পরীক্ষা গ্রহণ নিয়ে চরম উদ্বেগ-উৎকণ্ঠায় আছেন।

১ ডিসেম্বর রাজধানীর ২৪টি স্কুলে ফরম বিতরণ ও জমাদানের মধ্য দিয়ে নতুন শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হবে। তা চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। প্রথম শ্রেণীর ভর্তি এবারও হবে লটারির মাধ্যমে। দ্বিতীয় শ্রেণী থেকে নবম শ্রেণীতে আগের নিয়মেই হবে ভর্তি পরীক্ষা। বহাল আছে মুক্তিযোদ্ধার সন্তান কোটাসহ অন্য সব বিধান, রাজধানীর বাইরের স্কুলের ফরম বিক্রি, লটারি ও পরীক্ষা নিজেদের সুবিধামতো সময়ে নেবে জেলা ও উপজেলা ভর্তি কমিটি।

এদিকে রাজধানীর শীর্ষস্থানীয় বেসরকারি স্কুল অ্যান্ড কলেজেও নতুন শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

স্কুল : পৃষ্ঠা : ১৫ ক : ১

## স্কুলে : ভর্তি শুরু

(১ম পৃষ্ঠার পর)

তবে হরতালের সংকট থাকা অনেক স্কুল এবার জেএসসি পরীক্ষার কেন্দ্র পড়ায় বেসব প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা গ্রহণ আরও জটিল হয়ে পড়বে। বার বার জেএসসি পরীক্ষার সময়সূচি পরিবর্তনের কারণে যথাসময়ে এই পরীক্ষার খাতা মূল্যায়ন নিয়েও চাপে পড়তে পারেন শিক্ষকরা।

সরকারি স্কুলের ভর্তি কার্যক্রম সম্পর্কে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন বলেছেন, রাজধানীর ২৪ সরকারি স্কুলে ফরম বিক্রি, লটারি ও পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। ফরম বিক্রি ও জমা শুরু হবে ১ ডিসেম্বর, তা চলবে ৮ ডিসেম্বর পর্যন্ত। ফরমের মূল্য ১০০ টাকা।

মাউশির সিদ্ধান্ত অনুযায়ী সরকারি স্কুলে প্রথম শ্রেণীর লটারির ড্র অনুষ্ঠিত হবে ১৪ ডিসেম্বর। বিভিন্ন শ্রেণীর ভর্তি পরীক্ষা হবে ১৯, ২০ এবং ২১ ডিসেম্বর। ২৪টি সরকারি স্কুলের মধ্যে কেবল ১৩টিতে প্রথম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করানো হয়। তবে ২৪টিতেই দ্বিতীয় শ্রেণী থেকে নবম শ্রেণীতে ভর্তি নেয়া হয়। [illegible] ২৪টি সরকারি স্কুলকে তিন গ্রুপে (ক, খ, গ) ভাগ করে ভর্তি পরীক্ষা নেয়া হবে। একজন শিক্ষার্থী একটি গ্রুপ থেকে কেবল একটি স্কুলে ভর্তি হতে পারবে। 'ক' গ্রুপের স্কুলগুলোর মধ্যে রয়েছে- গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শিলপাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

'খ' গ্রুপের তালিকায় রয়েছে- গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, [illegible] সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

'গ' গ্রুপের ৮টি স্কুল হলো- তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

এবার রাজধানীর ২৪টি স্কুলে আসন সংখ্যা বাড়ানো হবে কি-না, কিংবা কোন স্কুলে কতজন ছাত্রছাত্রী ভর্তি করা হবে সে সম্পর্কে জানতে চাইলে মাউশির কর্মকর্তারা জানান, এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত হয়নি। স্কুলগুলোর বার্ষিক পরীক্ষা শেষ হলে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

### মতিঝিল আইডিয়াল স্কুলে ভর্তি কার্যক্রম :

রাজধানীর অন্যতম শীর্ষস্থানীয় মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণীতে ভর্তির আবেদন ফরম বিক্রি শুরু হয়েছে গত ১১ নভেম্বর। ১৩ নভেম্বর বিরতি দিয়ে ফরম বিক্রি চলবে আগামী ১৮ নভেম্বর পর্যন্ত। সরকারের ভর্তি নীতিমালা অনুসারে এই স্কুলে ভর্তি ফরমের মূল্য ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে। এ স্কুলে প্রথম শ্রেণীতে লটারির মাধ্যমে ভর্তি করা হবে। নেই কোন প্রাথমিক বাছাই পরীক্ষা। মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের পুনর্নির্বাচিত সদস্য ও মতিঝিল থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম আশরাফ তালুকদার সংবাদকে বলেছেন, লটারির ফল নিয়ে যাতে কারো মনে সন্দেহ না থাকে সেজন্য অভিভাবকদের দাবি অনুসারে প্রকাশ্যে মাঠে অনুষ্ঠিত হবে লটারির ড্র। তিনি জানান, আপাতত প্রথম শ্রেণীর ফরম বিক্রি ও লটারির বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। অন্য শ্রেণীর ভর্তির কার্যক্রম শুরু হবে বার্ষিক পরীক্ষার ফলাফলের পর। যেসব শিশুর জন্ম ১ জানুয়ারি ২০০৭ থেকে ১ ডিসেম্বর ২০০৮ এর মধ্যে কেবল তারাই আইডিয়ালে প্রথম শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তিনি সুষ্ঠুভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে বলেন, মানসম্মত শিক্ষা নিশ্চিত করার বিষয়ে কোন আপস আমরা করব না। আমরা চাই এই প্রতিষ্ঠান সব সময়েই থাকবে শ্রেষ্ঠ অবস্থানে।

### ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে ভর্তি কার্যক্রম

গত ১০ নভেম্বর রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে শুরু হয়েছে প্রথম শ্রেণীতে ভর্তির আবেদন ফরম বিক্রি। ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ২০০ টাকা। প্রথম দিন সব শাখায় ফরম বিক্রি হয় তিন হাজার ৩০৭টি। বেইলি রোডের মূল ক্যাম্পাসসহ চারটি শাখায় এবার প্রথম শ্রেণীতে ভর্তির জন্য আবেদন ফরম বিক্রি চলবে আগামী ১৪ নভেম্বর পর্যন্ত।

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মঞ্জু আরা বেগম জানান, লটারি তারিখ পরে জানানো হবে। তবে ফরম জমা, সাক্ষাৎকার (প্রাথমিক বাছাই) নেয়া হবে আগামী ১৬ ও ১৭ নভেম্বর।

এবার এ স্কুলে নূন প্রভাতি ইংরেজি মাধ্যমের ফরম পাওয়া যাচ্ছে নূন প্রভাতি মিনিয়ার শাখা ক্যাম্পাসে। নূন প্রভাতি (বাংলা মাধ্যম) এবং নূন দিবা (বাংলা মাধ্যম) ফরম পাওয়া যাচ্ছে নূন প্রভাতি মূলশাখা শাখা ক্যাম্পাসে। আর ধানমন্ডি প্রভাতি ও দিবা, বসুন্ধরা প্রভাতি ও দিবা এবং আজিমপুর প্রভাতি ও দিবা শাখার ফরম পাওয়া যাচ্ছে সংশ্লিষ্ট শাখা ক্যাম্পাসে। যেসব ছাত্রীর জন্ম ১ জুলাই ২০০৭ থেকে ৩০ জুন ২০০৮ এর মধ্যে, কেবল তারাই এবার প্রথম শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারছে। লটারি ড্র'র তারিখ পরবর্তী সময়ে সব শাখায় নোটিস বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। ভর্তি তথ্য কলেজের নিজস্ব ওয়েবসাইটে (www.vnscbd.net) পাওয়া যাচ্ছে।